

## বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে মহাসচিবের বান কি-মুনের বাণী

০৫ জুন ২০০৯

সারা বিশ্বে ছড়িয়ে পরা অর্থনৈতিক ও আর্থিক বিশৃঙ্খলা সত্যিকারের জেগে উঠার একটি আহ্বান। পুরানো বিকাশ রীতির উন্নতি করে নতুন একটা সবুজ ও পরিষ্কার উন্নয়ন যুগ সৃষ্টি করার জন্যই এই সতর্ক সংকেত। এ বছরের বিশ্ব পরিবেশ দিবসের প্রতিপাদ্য হলো – “আপনার পৃথিবীর আপনাকে প্রয়োজন” – অর্থাৎ আমাদের সবাইকে আমাদের করণীয় অংশ করতে অনুপ্রাণিত করা।

পৃথিবী জলবায়ু পরিবর্তনের বিশাল হুমকির সম্মুখীন। যদিও সব দেশই ক্ষতিগ্রস্ত হবে, এর ক্ষতিকর প্রভাব দরিদ্রদের সহ্য করতে হবে। তবে আমাদের এর গতিপথ বদলানোর সুযোগ রয়েছে। ডিসেম্বরে কোপেনহেগেনে এ বিষয়ে একটি গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হবে। আমাদের সবাইকে একসাথে মিলে সরকারকে নতুন জলবায়ু পরিবর্তনের এই নতুন চুক্তি Seal the Deal এ স্বাক্ষর করতে চাপ প্রয়োগ হবে।

বিশ্বের একটি “নতুন সবুজায়ন চুক্তি” প্রয়োজন যা নবায়নযোগ্য শক্তির উৎস, পরিবেশবান্ধব অবকাঠামো এবং শক্তিকে কেন্দ্রবিন্দু করে বিনিয়োগ করবে। এটি চাকুরির সুযোগ সৃষ্টি ও দ্রুত অবস্থার পরিবর্তন সাধনই করবে না বরং বিশ্ব উষ্ণায়নের মোকাবিলা করতেও সাহায্য করবে। আমরা যদি নতুন অর্থনৈতিক উদ্ভিদপক প্যাকেজের কিছু অংশও সবুজায়ন অর্থনীতিতে বিনিয়োগ করি তবে তা আজকের এই সংকটাপন্ন অবস্থা থেকে আগামীর স্থিতিশীল উন্নয়নের দিকে ধাবিত করতে পারব। এছাড়াও, যদি আমরা দেশগুলোকে কম-কার্বন বিশিষ্ট সমাজে রূপান্তর করতে পারি তাহলে দেশগুলো পরিবেশগত সুবিধা লাভ করবে, তারা অন্যান্যদের সাথে নতুন প্রযুক্তি সহভাগিতা করতে পারবে।

কিন্তু আমাদের এই ধরিত্রীর শুধুমাত্র সরকার এবং কোম্পানির কার্যক্রম থেকেও বেশি কিছু প্রয়োজন, প্রয়োজন আমাদের প্রত্যেককে। যদিও ব্যক্তির একক সিদ্ধান্ত বৈশ্বিক হুমকি ও ধারার কাছে ছোট মনে হবে, যখন একসাথে কোটি কোটি মানুষ একই উদ্দেশ্যে সমবেত হবে তখন আমরা বিশাল পরিবর্তন আনতে পারব।

বিশ্ব পরিবেশ দিবসে, আমি সকল মানুষকে এই পৃথিবীকে সবুজ এবং পরিষ্কার করে তোলার জন্য সুনির্দিষ্ট পদক্ষেপ নিতে আহ্বান জানাচ্ছি। বাতি বন্ধ করুন। সরকারি পরিবহন ব্যবহার করুন। পূর্নব্যবহারের জন্য প্রক্রিয়াজাত করুন। গাছ লাগান। স্থানীয় পার্ক পরিষ্কার করুন। পরিবেশ দূষণের জন্য কোম্পানিগুলোকে দায়বদ্ধ করুন। এবং আপনার সরকারের প্রতিনিধিকে কোপেনহেগেনে Seal the Deal স্বাক্ষর করতে তাড়া দিন।

\*\* \*\* \*\*